



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/12/2023

গভর্নর ক্যাথি হোকল

যদি আপনি এটি পূর্বে দেখে না থাকেন: গভর্নর হোকলের USA টুডে নেটওয়ার্কে ওপ-এড: শুভ মা দিবস - আমরা যেভাবে নিউ ইয়র্কের মায়েদের সমর্থন করছি

আজকে, মা দিবস উদযাপন করতে USA টুডে নেটওয়ার্ক (USA Today Network) গভর্নর ক্যাথি হোকলের একটি অপ-এড প্রকাশ করেছে এবং সেখানে স্টেটব্যাপী মায়েদের সমর্থনে নিউ ইয়র্ক যে অর্থপূর্ণ ব্যবস্থা গ্রহণ করেছে সেগুলিকে তুলে ধরা হয়েছে। অপ-এডের লেখাটি নিচে উপলভ্য আছে এবং অনলাইনে [এখানে](#) দেখা যাবে।

এই মা দিবসে, নিউ ইয়র্কবাসীরা প্রিয়জনদের সাথে একত্রিত হবে এবং আমাদের জীবনের মায়েদের স্বীকৃতি দিবে, এর মধ্যে আমার পুত্রবধূও থাকবে যে মাত্র এক বছর আগে প্রথমবারের মতো মা হয়েছে।

কিন্তু শুধু প্রতি বছর মে মাসের এক দিনে উপহার ও ফুলের তোড়া কিনলে চলবে না। বছরের প্রতিদিন আমাদের সমর্থন পাওয়া মায়েদের প্রাপ্য।

সেজন্য আমার সর্বশেষ বাজেটে আমি একটি সাহসী ভিশন উপস্থাপন করেছি যা নিউ ইয়র্ককে শুধু আরো সাশ্রয়ী ও বসবাসযোগ্য করবে না, বরং আগের যেকোনও সময়ের থেকে বেশি সাহায্যের প্রয়োজনে থকা আমাদের মায়েদের প্রত্যক্ষভাবে সাহায্যের হাত বাড়িয়ে দিবে।

### নিউ ইয়র্কের মা এবং চাইল্ডকেয়ারকে সমর্থন

প্রথমে আমরা নতুন মায়েদের একটি মুখ্য খরচের ভার নিয়ে কাজ করেছি — চাইল্ডকেয়ার। এটি একটি ব্যক্তিগত বিষয় কারণ আমি নিউ ইয়র্ককে নেতৃত্ব দানকারী প্রথম মা এবং দাদি হিসেবে আমি তরুণ পরিবারের উদ্বিগ্ন ও দুশ্চিন্তা বুঝি।

আমি যখন মা হয়েছিলাম, তখন আমার ক্রয়ক্ষমতার মধ্যে আমার জন্য কোনও চাইল্ডকেয়ারের সুযোগ উপলভ্য ছিলো না, এবং তাই আমার সন্তানদের লালনপালন করার জন্য আমাকে আমার প্রিয় ক্যাপিটল হিলের (Capitol Hill) চাকরি ছেড়ে দিতে হয়। নিউ ইয়র্কের হাজার হাজার পিতামাতা, বিশেষ করে মায়েরা, প্রতি বছর এই একই আত্মত্যাগ করে।

গভর্নর হিসাবে, আমি গর্বিত যে আমরা পরিবারের জন্য চাইল্ডকেয়ার বিকল্প সম্প্রসারিত করেছি এবং ব্যয় হ্রাস করেছি। ফেডারেল আইন অনুযায়ী অনুমোদিত সর্বোচ্চ পর্যায়ে উপার্জনের সীমা বৃদ্ধি করার মাধ্যমে আমরা আরো 113,000 পরিবারের জন্য চাইল্ডকেয়ার যোগ্যতা সম্প্রসারিত করেছি। পাশাপাশি, আমরা চার বছরের কম বয়সী শিশুদের অন্তর্ভুক্ত করতে শিশু কর ক্রেডিট (Child Tax Credit) সম্প্রসারিত করেছি, যার সুবিধা 525,000 এর বেশি পরিবার এবং প্রায় 630,000 শিশু পাবে।

ব্যয় কমিয়ে আনার জন্য, সহায়তা লাভকারী পরিবারগুলি যাতে তাদের বার্ষিক আয়ের এক শতাংশের বেশি ব্যয় না করে তা নিশ্চিত করার মাধ্যমে আমরা পিতামাতা চাইল্ডকেয়ারের জন্য কত পরিশোধ করবে তা হ্রাস করেছি। তার সাথে আমরা একটি চাকরিদাতার স্পন্সরকৃত চাইল্ড কেয়ার (Employer-Sponsored Child Care) পাইলট কর্মসূচি শুরু করতে যাচ্ছি।

একত্রে, এই কর্মসূচিগুলি কর্মজীবী মায়েদের উপর থেকে একটি আর্থিক চাপ সরিয়ে নিবে যাতে করে তারা ডায়াপার এবং ফর্মুলার মতো অন্যান্য গুরুত্বপূর্ণ ব্যয়ে মনোযোগ দিতে পারে।

## **আমরা নিউ ইয়র্কের শিশুদের জন্য কাজ করছি**

আমি জানি যে শিশুরা বেড়ে উঠার সাথে সাথে প্রত্যেক পিতামাতা তাদের সন্তানের একটি বিশ্বমানের শিক্ষাপ্রাপ্তি নিশ্চিত করতে সম্পূর্ণ নিবিষ্ট হয়। স্কুলগুলিকে বলীয়ান করতে এবং আমাদের শিশুদের সঠিক পথে রাখতে স্কুলগুলিতে আমরা আমাদের স্টেটের ইতিহাসের সর্বোচ্চ বিনিয়োগ করেছি।

নিউ ইয়র্কের প্রত্যেকটি শিশু যাতে সমান সুযোগকে অগ্রাধিকার দেয় এমন একটি ব্যবস্থায় তাদের প্রাপ্য উচ্চমানের শিক্ষা পেতে পারে তা নিশ্চিত করতে আমরা অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করছি।

এবং স্কুলে সফল হওয়ার জন্য, উন্নতির জন্য আমাদের শিশুদের প্রয়োজন পুষ্টিকর খাদ্য। নিম্ন আয়ের জনগোষ্ঠীর জন্য যেসব স্কুল সেগুলির জন্য আমাদের বাজেট 134 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে যাতে শিক্ষার্থীরা তাদের পরিবারের আয় নির্বিশেষে বিনামূল্যে সকালের নাস্তা ও দুপুরের খাবার খেতে পারে। কিন্তু ক্রয়ক্ষমতার সঙ্কটকে সামনে থেকে মোকাবেলা করার জন্য আমরা আরো কাজ করতে পারি।

## **আমরা বেতনের ব্যাপারে অগ্রগতি করছি**

উচ্চ মুদ্রাস্ফীতি সবথেকে দুঃস্থ নিউ ইয়র্কবাসীর, বিশেষ করে নারী ও অশ্বৈতাঙ্গ মানুষের পকেটের সবথেকে বেশি ক্ষতি করে। নিউ ইয়র্কে প্রায় 900,000 সর্বনিম্ন বেতনভোগী রয়েছে। তাদের অনেকেই সিঙ্গেল মা।

বেতন যদিও তুলনামূলকভাবে অপরিবর্তিত থেকেছে, নিম্ন আয়ের গৃহস্থালিগুলির পণ্য ও শক্তির গড় মাসিক ব্যয় গত দুই বছরে তের শতাংশের বেশি বৃদ্ধি পেয়েছে।

সমাধানটি সহজ; যদি ব্যয় বৃদ্ধি পায় তাহলে বেতনও বৃদ্ধি করতে হবে।

2024 সাল থেকে শুরু করে, আমরা নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড, এবং ওয়েস্টচেস্টারে সর্বনিম্ন বেতন বৃদ্ধি করে 16 মার্কিন ডলার, এবং বাকি সব স্থানে 15 মার্কিন ডলার করছি। 2025 এবং 2026 উভয় সালে এটি পঞ্চাশ সেন্ট করে বৃদ্ধি পাবে। এবং 2027 সাল থেকে শুরু করে, আমাদের স্টেটের সর্বনিম্ন বেতন মুদ্রাস্ফীতির সূচক অনুযায়ী হবে, যা নিশ্চিত করবে যে ব্যয় বৃদ্ধি পেলে কর্মীরা অবহেলিত হবে না। এই পরিকল্পনাটি একটি লাইফলাইন যা শ্রমিক শোষণের বিরুদ্ধে সুরক্ষা প্রদান করবে এবং পরিবারের নিরাপত্তার জন্য একটি গুরুত্বপূর্ণ ব্যবস্থা প্রদান করবে।

এই মা দিবসে, পরিবারগুলির জন্য আমাদের স্টেটকে আরো সাশ্রয়ী করতে নিউ ইয়র্ক সাহসী পদক্ষেপ গ্রহণ করছে। যদিও এখনো আরো কাজ বাকি আছে, আমাদের মায়েদের জন্য আমরা এতটা করতেই পারি।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)